গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১(প্রশাসন)

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

| | |
|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের নামঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যাঃ ০৪(চার)টি |
| প্রতিবেদনাধীন বছর ঃ ২০১৫-২০১৬ | প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ০১-০৮-২০১৬ |

(১) প্রশাসনিক ঃ

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা(রাজস্ব বাজেটে)ঃ

| সংস্হার নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৬১ | ৫২ | ৯ | | |
| জাতীয় রাজস্ব বোর্ড | ২২,২১৪ | ১১,৬২৫ | ১০,৫৮৯ | | |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৪৫৪ | ২৮০ | ১৭৪ | ১৭ | বছর ভিত্তিক সংরক্ষিত ৩১টি অফিস সহায়ক পদের মধ্যে ১৭ জন কর্মরত আছে। |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ১৫২ | ১০০ | ৫২ | ৩০ | |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | ৬৫ | ৪১ | ২৪ | - | |
| মোট | ২২,৯৪৬ | ১২,০৯৮ | ১০,৮৪৮ | ৪৭ | |

১.২ শূন্য পদের বিন্যাসঃ

| যুগ্ম-সচিব/ তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেনীর পদ | ২য় শ্রেনীর পদ | ৩য় শ্রেনীর পদ | ৪র্থ শ্রেনীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | ১ | ৫ | ৫ | ৪ | ১৫ |
| জাতীয় রাজস্ব বোর্ড | | ৯৫০ | ৪১৪৪ | ৪৪০৪ | ১০৯১ | ১০৫৮৯ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | ৫০ | ৩৭ | ৬৭ | ২০ | ১৭৪ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | | ৬ | - | ২৭ | ১৯ | ৫২ |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | | ০৩ | ০১ | ১৭ | ০৩ | ২৪ |
| মোট= | | ১০১০ | ৪,১৮৬ | ৪,৫১৮ | ১,১৩৪ | ১০,৮৪৮ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ(Strategic) পদ শূন্য থাকলে তার তালিকাঃ শূণ্য পদ নেই।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তাঁর বর্ণনা ঃ বড় রকমের কোন সমস্যা নেই। শূন্য পদসমূহের নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।

১.৫ অন্যান্য পদের তথ্য ঃ

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্হানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্হনান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| শূন্য | শূন্য |

১.৬ **নিয়োগ/পদোন্নতি প্রদানঃ**

| | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| সংস্হার নাম | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | - | - | - | - | - | |
| জাতীয় রাজস্ব বোর্ড | ১৬৪ | ৯২ | ২৫৬ | ৬৭ | ৩৮৭ | ৪৫৪ | |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | - | ২৫ | ২৫ | - | ৩৪ | ৩৪ | |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | - | - | - | - | ৩ | ৩ | |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | - | ১ | ১ | - | - | - | |
| সর্বমোট= | ১৬৪ | ১১৮ | ২৮২ | ৬৭ | ৪২৪ | ৪৯১ | |

১.৭ **ভ্রমণ/পরিদর্শন(দেশে)ঃ**

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিসটেন্ট | সিনিয়র সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | ৩০(ত্রিশ)দিন | মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের ভ্রমণ/পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন অর্থ বিভাগ হতে প্রেরণ করা হয়। |
| পার্বত্য চট্রগ্রামে ভ্রমণ | - | - | - | |
| অফিস পরিদর্শন/ভ্রমণ | - | - | - | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন(বিদেশে)ঃ

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সিনিয়র সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| | - | - | ৪০(চল্লিশ) দিন | মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের ভ্রমণ/পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন অর্থ বিভাগ হতে প্রেরণ করা হয়। |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা ঃ

**(২) অডিট আপত্তি ঃ**

**২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য ০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)**

**(টাকার অংশ কোটি টাকায় প্রদান করতে হবে)**

| মন্ত্রণালয়/সংস্থার নাম | | অডিট আপত্তি | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিস্পত্তি | | জের | টাকার পরিমাণ কোটি টাকায় |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমান (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমান | | |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | | ২০ | ৪.৫৩ | ২০ | - | - | ২০ | |
| জাতীয় রাজস্ব বোর্ড | শুল্ক ও মূসক বিভাগ | ৭,৯৬০ | ৮৫০,৯৩,১৪,৫৩১ | ৫,৬৪১ | - | - | - | ১০৪০,৫৩,৩৪,০৯৭ |
| | আয়কর বিভাগ | ১,৭৮৯ | ৩৬১২,০৪,৫৭,৬৪২ | ১,৫৯৬ | - | - | ১৯৩ | |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | ৩০৬ | ৩২,৬৮,৬৮,৭৯৮ | ১৩৬ | ৭১ | ১০,৫৬,০৫,৪৮৬ | ২১৮ | ২২,১২,৬৩,৩১২ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | | - | - | - | - | - | - | |
| কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল। | | অডিট সম্পন্ন হয়নি। | | | | | | |
| মোট= | | | | | | | | |

C:\Users\User\Desktop\Yearly statement-16.docx

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্নসাৎ/অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা ঃ নাই।

**(৩) দূর্নীতি ও শৃংখলা(মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)ঃ**

| সংস্হার নাম | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহের পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা | প্রতিবেদনাধীন বছরে মামলা নিস্পত্তির সংখ্যা | | | | অনিস্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুত/বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট | |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | | - | - | - | - | - |
| জাতীয় রাজস্ব বোর্ড | ১৯ | - | - | ১ | ৪ | ১৪ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ১ | - | - | - | ১ | ১ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | | - | - | - | - | - |
| কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল। | | - | - | - | - | - |
| মোট= | ২০ | | | ১ | ৫ | ১৫ |

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)ঃ**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয় বিভাগ/আওতাধীন সংস্হাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিস্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| | ৬ | | ৬ | |

(৫) মানব সম্পদ উন্নয়ন ঃ

৫.১ পদোন্নতি ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর অধীনস্হ জাতীয় রাজস্ব বোর্ডসহ অন্যান্য সংস্হা/দপ্তরে ২০১৫-২০১৬ অর্থ বছরে কর্মকর্তা ও কর্মচারীসহ সর্বমোট ২৮২ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে, যার ফলে রাজস্ব আহরণ ব্যবস্হাপনায় গতিশীলতার সৃষ্টি হয়েছে। এবং রাজস্ব আদায় লক্ষামাত্রার চেয়ে ৫,৫১৮ কোটি টাকা বেশী রাজস্ব অর্জন সম্ভব হয়েছে।

৫.২ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত)

| অফিসের নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্হাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ১টি | ১৮ জন |
| জাতীয় রাজস্ব বোর্ড | ১৩টি | ৩৩৯ জন |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ১০টি | ৮০০ জন |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ২টি | ২৭ জন |
| কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল। | - | - |
| মোট= | ১৫ | ১১৮৪ জন |

৫.৩ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনাঃ **অভ্যন্তরীণ সম্পদ বিভাগে জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী কমিশনার (কর) হিসেবে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন কোর্সের আয়োজন করা হয়েছে।**

৫.৪ প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

৫.৫ মন্ত্রণালয়ে অন দা জব ট্রেনিং(OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না ঃ **প্রযোজ্য নয়।**

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ বছরে (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত ) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা ২২৬ জন।

৬. সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ

| দেশের অভ্যন্তরে সেমিনার/ ওর্য়াকশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ৫৩৬টি | ৫২০ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্হাপন (০১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত) ঃ

| অফিসের নাম | মন্ত্রণালয়/বিভাগ/সংস্হাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্হাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হা সমূহে লেন সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহে ওয়েন সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারী |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৩৫ | আছে | আছে | আছে | ২ | ২ |
| জাতীয় রাজস্ব বোর্ড | ১৭৫ | আছে | আছে | আছে | ১৫ | |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৮১ | আছে | - | - | ৭০ | ১২০ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ২১ | আছে | - | - | ১ | ২৪ |
| কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল। | ১২ | আছে | - | আছে | - | - |
| মোট= | ৩২৪ | | | | ৮৮ | ১৪৬ |

(৮) সরকারী প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমান (কোটি টাকায়)ঃ

| | | ২০১৫-২০১৬ | | ২০১৪-২০১৫ | | হ্রাস(-)/ বৃদ্ধির(+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষামাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিন্যু | ১,৫০,০০০.০০ | ১,৫৫,৫১৮.৭২ | ১,৩৫,০২৮.০০ | ১,৩৫,৭৭০.৭০ | ১১.০৯% | ১৪.৬০% |
| | নন-ট্যাক্স রেভিন্যু | ৩,৯০৪.৯১ | ৩,১৫২.৯৩ | ৩,৫০৮.৭৫ | ২,৯৯৭.৪০ | - | - |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | নাই | নাই | নাই | নাই | নাই | |
| লভ্যাংশ হিসাবে | | নাই | নাই | নাই | নাই | নাই | |

**(৯) প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত উল্লেযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১। প্রতিবেদনাধীন বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকাঃ

**অর্থ আইন ঃ** প্রতিবেদনাধীন বছরে মহান জাতীয় সংসদে অর্থ আইন-২০১৬ পাশ হয়েছে। অর্থ আইনের উল্লেখযোগ্য দিকসমূহ নিম্নরূপ ঃ

**প্রত্যক্ষ কর ঃ**

(ক) আয়কর রিটার্ন দাখিলের জন্য একটি অপরিবর্তনীয় ডেড লাইন হিসেবে প্রতি বছরের ৩০ নভেম্বরকে **কর দিবস** হিসেবে ঘোষণা;

(খ) কর পরিপালন বৃদ্ধি ও কর ফাঁকি রোধকল্পে নির্ধারিত বেতন আয়ের সকল কর্মচারীর জন্য রির্টান বাধ্যতামূলক করা ;

(গ) আয়কর প্রদান সহজীকরণের লক্ষ্যে প্রান্তিক করদাতাগণের সম্পদ বিবরণী দাখিল ঐচ্ছিক করা;

(ঘ) উৎসে কর ব্যবস্হাপনাকে অধিকতর উন্নয়নের লক্ষ্যে উৎসে কর রির্টান দাখিল বাধ্যতামূলক করা এবং উৎসে কর রিটার্নকে অডিট কার্যক্রমের আওতাভূক্ত করা ;

(ঙ) বিভিন্ন খাতে উৎসে কর কর্তনের হার যৌক্তিকীকরণ ।

৯.২। প্রতিবেদনাধীন বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড ঃ

**ভ্যাট সংক্রান্ত ঃ**

(ক) ২০১৪-১৫ অর্থবছরে ভ্যাট বাবদ আদায় হয়েছিল ৪৯,০১৩.৫৩ কোটি টাকা এবং ২০১৫-১৬ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ৫৪০৬৪.০০ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ৫৬০৮০.৬৬ কোটি টাকা, যা ২০১৪-১৫ অর্থ বছরের তুলনায় ১৪.৪২% বেশি।

(খ) ২০১৫-১৬ অর্থবছরে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ সম্পর্কিত ২৭টি প্রজ্ঞাপন জারি করা হয়েছে;

(গ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ সম্পর্কিত মূল্য সংযোজন কর ও সম্পূরক বিধিমালা, ২০১৬ ইতোমধ্যে আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিং সম্পন্ন হয়েছে, যা খুব শীঘ্রই গেজেট আকারে প্রকাশ করা হবে। এ আইনটি জুলাই, ২০১৭ সাল থেকে কার্যকর হবে।

শুল্ক সংক্রান্ত ঃ

(ক) বিদ্যমান Customs Act, 1969 এর পরিবর্তে আন্তর্জাতিকভাবে কাস্টমস বিষয়ে প্রচলিত/অনুমোদিত উত্তম ধারণা(Best Practices) ও চুক্তি/কনভেনশন অন্তর্ভুক্ত করে বাংলা ভাষায় কাস্টমস আইন-২০১৬ এর চূড়ান্ত খসড়া প্রণয়ন করা হয়েছে যা খুব শীঘ্রই মহান জাতীয় সংসদে উপস্হাপন করা হবে।

(খ) আমদানি রপ্তানি বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে স্টেকহোল্ডারদের সুবিধার্থে কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা-২০১৬ (এসআরও নং-১৮৮-আইন/২০১৬/৩৭/কাস্টমস, তারিখ-০২/০৬/২০১৬) জারী করা হয়েছে।

(গ) আধুনিক ও যুগোপযোগী করে কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০১৬(এসআরও নং-১৭ আইন/২০১৬/৩৬/কাস্টমস, তারিখ-০২/০৬/২০১৬) জারী করা হয়েছে।

(ঘ) যাত্রী সাধারণের জন্য ব্যবহার সুবিধার্থে যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা-২০১৬ (এসআরও নং-১৬৪-আইন/২০১৬/২৬/কাস্টমস, তারিখ-০২/০৬/২০১৬) জারী করা হয়েছে।

জাতীয় সঞ্চয়পত্র সংক্রান্তঃ

দেশের ক্রমবর্ধমান বাজেটে সহায়ক হিসেবে জাতীয় সঞ্চয় অধিদপ্তর বাজেট ঘাটতির একটি উল্লেখযোগ্য অংশ পূরণ করে থাকে। ২০১৫-১৬ অর্থ বছরে সঞ্চয়পত্রের মাধ্যমে ৩৩,৬৮৮ কোটি টাকা বাজেট ঘাটতি পূরণ করেছে।

৯.২। **প্রতিবেদনাধীন অর্থবছরের সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি ।**

(ক) ২০১৫-২০১৬ অর্থবছরের রাজস্ব আদায় লক্ষ্যমাত্রা অর্জন ঃ

লক্ষ্যমাত্রা ছিল ১,৫০.০০০ কোটি টাকা, প্রকৃত অর্জন ১,৫৫,৫১৮ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার চেয়ে ৫,৫১৮ কোটি টাকা তথা ১৪.৬০% বেশী।

(খ) আমদানি পর্যায়ের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের জন্য Budget Implementation Plan (BIP), Strategic Action Plan (SAP) প্রণয়ন ও বাস্তবায়ন;

(গ) Annual Performance Agreement (APA) স্বাক্ষর ও সাফল্যজনকভাবে বাস্তবায়ন;

(ঘ) ট্রান্সফার প্রাইসিং পদ্ধতির অপব্যবহারের মাধ্যমে কর ফাঁকি রোধকল্পে অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে বাংলাদেশের কর আইনে ট্রান্সফার প্রাইসিং সংশ্লিষ্ট বিধান সংযোজন করা হয়েছে। ২০১৫-১৬ অর্থ বছর থেকে ট্রান্সফার প্রাইসিং কার্যক্রম পুরোধমে চালু হয়েছে;

(ঙ) প্রত্যক্ষ আয়কর আইন যুগোপযোগী করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মহলের সাথে পরামর্শক্রমে জাতীয় রাজস্ব বোর্ড আয়কর অধ্যাদেশ ১৯৮৪ কে যুগোপযোগী করে The Direct Tax Code ড্রাফট প্রণীত হয়েছে;

(চ) Online Tax Appeal Submission এর নিমিত্ত একটি ওয়েব বেইজড সফটওয়্যার ডেভলপড করা হয়েছে;

(ছ) Income Tax Law Digest: সুপ্রীম কোর্টে আয়কর বিষয়ক রায়ের রেফারেন্স, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত এসআরও অর্থ আইন এবং আয়কর বিষয়ক প্রয়োজনীয় তথ্য কর্মকর্তাদের নিকট ভিডিও আকারে সরবরাহের জন্য Income Tax Case Law Digest তৈরী করা হয়েছে;

(জ) স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত সভা অনুষ্ঠান ও বিভিন্ন বিভাগ/ফোরামে রাজস্ব সংলাপের আয়োজন ;

(ঝ) শুল্ক সংক্রান্ত সকল সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন;

(ঞ) VAT Cheker নামে একটি মোবাইল এ্যাপস প্রবর্তন করা হয়েছে।

(ট) ভ্যাটের গোয়েন্দা দপ্তরকে পূর্বের তুলনায় অধিকতর শক্তিশালী ও সক্রিয়করণ করা হয়েছে; এর ফলে সাম্প্রতিককালে বিপুল পরিমাণ চোরাচালানকৃত স্বর্ণসহ অবৈধ মালামাল আটক করা হয়েছে;

(ঠ) করনেট সম্প্রসারণের লক্ষ্যে আয়কর মেলার আয়োজন, জাতীয় মূসক দিবস ও আন্তর্জাতিক শুল্ক দিবস পালন ;

(ড) রাজস্ব প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা নিশ্চিত করার অভিপ্রায়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বিশেষ করে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং এর মাঠ পর্যায়ের সকল অফিসে সুশাসন ও আধুনিক ব্যবস্হাপনা (Good Governance and Modern Management-GG&MM) অনুসৃত হচ্ছে। এর মাধ্যমে সকল পর্যায়ের সহযোগী সংগঠন ও সহকর্মীদের মধ্যে আন্তঃসম্পর্ক ও ইঙ্গিত ফলাফল অর্জনের জন্য ব্যবস্হাপনা পদ্ধতি (Result Oriented Management) কে প্রতিষ্ঠানিক রূপ প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।

৯.৩। ২০১৫-১৬ অর্থবছরে কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণঃ প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত ঃ

সরকারের উন্নয়ন কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে ক্রমবর্ধমান জাতীয় বাজেটে রাজস্ব যোগানের লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ নিরন্তরভাবে প্রচেষ্টা অব্যাহত রাখছে। সে লক্ষ্যে সরকার এবার ব্যবসাবান্ধব বাজেট প্রণয়ন করেছে যাতে ব্যবসায়ী সম্প্রদায়ের জন্য নিম্নরূপ সুযোগ-সুবিধাদি রাখা হয়েছে ঃ

(ক) প্রত্যেক্ষ করের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (SME) এর অব্যাহতির সীমা বার্ষিক ৩০ লক্ষ টাকা টার্নওভার থেকে বাড়িয়ে ৩৬ লক্ষ টাকা করা ;

(খ) পুঁজি বাজারের মাসিক ঋণ ও সুদ (১০ লক্ষ টাকা পর্যন্ত) মওকুফজনিত সুবিধার করযোগ্যতা থেকে ক্ষুদ বিনিয়োগকারীকে অব্যাহতি প্রদান ;

(গ) বিকল্প বিরোধ নিস্পত্তির সুবিধার আওতা বৃদ্ধি ;

(ঘ) নিয়োগকর্তার জন্য পারক্যুইজিট সুবিধা বৃদ্ধি করা ।

১০.১। ২০১৫-১৬ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

হ্যাঁ, ২০১৫-১৬ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে। সরকারের উন্নয়ন কর্মকান্ড গতিশীল রাখার স্বার্থে অভ্যন্তরীণ সম্পদ আহরণ তথা কাংখিত রাজস্ব অর্জনের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আরব্ধ উদ্দেশ্যাবলির মধ্যে অন্যতম হলোঃ

(ক) অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ জোরদার করণ;

(খ) দেশী শিল্পের প্রতিরক্ষা;

(গ) আয়- বৈষম্য নিরসনের মাধ্যমে সুষম বন্টন/বরাদ্দ নিশ্চিতকরণ;

উপরোক্ত উদ্দেশ্যাবলির আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন জাতীয় রাজস্ব বোর্ড ২০১৫ -১৬ অর্থ বছরের রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা সাফল্যের সাথে অর্জন করেছে। **২০১৫-১৬ অর্থ বছরে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ছিল ১,৫০,০০০ কোটি টাকা।** এর বিপরীতে আদায় **১,৫৫.৫১৯ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ১৪.৬০% বেশি, অর্থাৎ সামগ্রিক আদায় ১০৩.৬৮%।**

উক্ত লক্ষ্যমাত্রা ও আদায়ের তথ্য নিম্নে ছক আকারে প্রদর্শন করা হলো ঃ

| ক্রমিক নং- | রাজস্বের প্রধান খাতসমূহ | ২০১৫-১৬ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | ২০১৫-১৬ অর্থ বছরের সাময়িক রাজস্ব আদায় | ২০১৫-১৬ অর্থ বছরের লক্ষ্যমাত্রার তুলনায় বৃদ্ধি(+) বা হ্রাস(-) (%) | লক্ষ্যমাত্রা অর্জনের হার(%) | ২০১৪-১৫ অর্থবছরের রাজস্ব আদায় | প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১। | আমদানি ও রপ্তানী পর্যায়ে রাজস্ব(শুল্ক কর) | ৪২,৫০০.০০ | ৪৫,১৯৩.৩৯ | ৬.৩৪% | ১০৬.৩৪ | ৩৮,৩৩৩.৩৭ | ১৭.৯০% |
| ০২। | স্থানীয় পর্যায়ে ভ্যাট | ৫৪,০৬৪.০০ | ৫৬,০৮০.৬৬ | ৩.৭৩% | ১০৩.৭৩ | ৪৯,০১৩.৫৩ | ১৪.৪২% |
| ০৩। | আয়কর ও ভ্রমণ কর | ৫৩,৪৩৬.০০ | ৫৪,২৪৪.৬৭ | ১.৫১% | ১০১.৫১ | ৪৮,৩৫৩.৮০ | ১২.১৮% |
| সর্বমোট | | ১৫,০০,০০.০০ | ১৫৫,৫১৮.৭২ | ৩.৬৮% | ১০৩.৬৮ | ১,৩৫,৭০০.৭০ | ১৪.৬০% |

১০.২। উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ ঃ প্রযোজ্য নয়।

১০.৩। মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্হা/ পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ ঃ

সরকারের রাজস্ব বৃদ্ধির স্বার্থে আন্তঃমন্ত্রণালয়/বিভাগীয় সভা, মাঠ পর্যায়ের প্রশাসনিক ব্যবস্হাপনার সাথে রাজস্ব বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালনের নির্দেশ জারী এবং সকল উপজেলায় আয়কর অফিস স্হাপন করা যেতে পারে।

প্রতিবেদনের ক্রমিক নং ১১.১ হতে ক্রমিক নং ১৪.১ পর্যন্ত অত্র বিভাগের সাথে সংশ্লিষ্ট নয়।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত ঃ

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত (০১ জুলাই, ২০১৫ থেকে ৩০ জুন, ২০১৬ পর্যন্ত) ঃ

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপি-তে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমান ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প | সংশোধিত এডিপিতে বরাদ্দ ৪০.০০ কোটি টাকা | ৩৮.৯৫ কোটি টাকা। (৯৭.৩৮%) | ০৮টি |
| (২) SGMP (Tax Online) | ২১.১৪ কোটি টাকা | ১৪.১৮(৬৭%) | ১০টি |
| (৩) ভ্যাট অনলাইন (ভিওপি) | ৩৬৮.৬৪ কোটি টাকা | ৬৪ কোটি ৬৩ লক্ষ (১৭.৫৩%) | ১২টি |
| (৪) মর্ডানাইজেশন এন্ড অটোমেশন প্রজেক্ট | (এডিবি প্রকল্পটির ব্যয়ভার বহন করে) এখন পর্যন্ত কোন বরাদ্দ দেয়া হয়নি। | - | - |

(খ) প্রকল্পের অবস্থা ঃ

| প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) জাতীয় রাজস্ব ভবন নির্মান প্রকল্প (চলমান) | - | এ পর্যন্ত ৬৬,০০০ বর্গফুট দুটি বেজমেন্টসহ ৪৪.০০০ বর্গফুট টাওয়ার বিল্ডিং এর ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ৫ম তলার কাজ চলছে। |
| (২) SGMP (Tax Online) | - | Turn key basis ৮০% কাজ সম্পন্ন। |

প্রতিবেদনের নির্ধারিত ছকে ক্রমিক নং ১৫.৩ হতে ক্রমিক নং ২৪.২ পর্যন্ত এ বিভাগের সাথে সংশ্লিষ্ট নয়।

(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব